2021
BENGALI

Total marks : 80 *Time : 3 hours*

General Instructions:

i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.
ii) The question paper consists of 24 main questions. All questions are compulsory
iii) Marks are indicated against each question
iv) Internal choice has been provided in some questions.

N.B: Check that all pages of the question paper is complete as indicated on the top left side.

1. **নিম্নলিখিত অংশটুকু ভালো করে পড়ে প্রশ্নতলির উত্তর লিখঃ-**

ভারতের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জহরলাল নেহেরুর প্রচন্ড চেষ্টায় ভারতের পারমাণবিক গবেষনার সুচনা হল এ দেশে। 1948 সালের এপ্রিলে চালু হলো পারমাণবিক শক্তি কমিশন, 1954 সালের জানুয়ারী মাসে স্থাপিত হলো পারমাণবিক শক্তি উৎপাদনের গবেষণা কেন্দ্র ট্রম্বেতে, কেন্দ্রে গঠিত হলো নতুন সরকারি দপ্তর পারমাণবিক শক্তি দপ্তর, তারপর শুরু হলো পারমাণবিক চুল্লির কাজ, আম্মারা, সাইরাস, কারলিনা, পূর্নিমা, ধ্রুব ইত্যাদি প্রভৃতি নামকরণ করা হল চুল্লিগুলির, শুরু হলো পারমাণবিক শক্তি উৎপাদন।

প্রথম বিষ্ফোরণ হল 1978 সালের মে মাসে, ভারত পৌছে গেলো দীর্ঘ প্রতিক্ষার সাফল্যের দুয়ারে, ভারতের পারমাণবিক বিষ্ফোরণ ঘটল রাজস্থানের পোখরান অঞ্চলের ভুগর্ভে।

প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ঘোষণা করলেন ভারতের এই পারমাণবিক বিষ্ফোরণ যুদ্ধের উদ্দেশ্যে নয়, নিতান্তই জনকল্যানের কাজে ব্যবহারের জন্য। তবে দেশবাসীর কল্যানকর্মে নিযুক্ত হল পারমাণবিক শক্তি। অধিক সফল উৎপাদন, কীটনাশক ঔষধি, খাদ্যশস্য সংরক্ষণ, জটিল সব রোগের চিকিৎসা ইত্যাদি কাজেও নিয়োজিত হলো পারমাণবিক শক্তি । 1998 সালের 21 মে রাজস্থানের পোখরানে আবার পরপর তিনটি পরমানু বিষ্ফোরণ ঘটায় ভারত। এই বিষ্ফোরণ ভারতকে হাইড্রোজেন বোমা তৈরীর সাফল্য এনে দিল।

ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজেপয়ী নির্ভীক কণ্ঠে বলেন ভারত দেশের নিরাপত্তার স্বার্থে এই বিষ্ফোরণ ঘটিয়েছে, কোনো দেশকে আক্রমন করা ভারতের উদ্দেশ্য নয়।

প্রায় 5 থেকে 10টি শব্দে নীচের প্রশ্ন তলির উত্তর লিখঃ-

(i) ভারতের প্রথম প্রধানমন্ত্রীর নাম কী ? **1**

(ii) পারমাণবিক শক্তি মিশন কবে থেকে চালু হলো? **1**

(iii) তিনটি পারমাণবিক চুল্লির নাম লিখ? **1**

(iv) ভারতে প্রথম কবে পারমাণবিক বিষ্ফোরণ হলো? **1**

(v) ইন্দিরা গান্ধী কী ঘোষনা করলেন ? **1**

(vi) দেশবাসীর কী কী কল্যান কর্মে পারমাণবিক শক্তি নিযুক্ত হলো? **1**

(vii) পোখরান কোথায় অবস্থিত ? **1**

(viii) পোখরানে কোন সালে পর পর তিনটি বিষ্ফোরণ ঘটাল ভারত? **1**

(ix) বিপরীত শব্দ লিখঃ- 'উদ্দেশ্য' **1**

(x) <u>রাজস্থানের পোখরানে</u> পরমানু বিষ্ফোরণ ঘটায় ভারত। নীচে দাগ দেওয়া পদটির কারক নির্নয় কর। **1**

বিভাগ - খ (রচনা ও নির্মিতি)

2. নিম্নলিখিত প্রশ্ন তলির উত্তর 200-250 টি শব্দের মধ্যে লেখঃ-

(a) মনে কর তুমি রমা / দীপক *"Kohima Little Flower"* স্কুলে একজন সঙ্গীত শিক্ষক/শিক্ষিকার (Music Teacher) দরকার। তুমি তোমার সমস্ত যোগ্যতার পরিচয় দিয়ে স্কুলের অধ্যক্ষের কাছে একটি আবেদন পত্র লিখ ।

অথবা **6**

(b) তোমাকে তোমার বিদ্যালয়ের প্রাতঃকালীন সভাতে 'ব্যবহার' (behaviour) সম্বন্ধে বলার জন্য একটি ভাষণ প্রস্তুত করতে বলা হয়েছে।

3. নিম্নলিখিত প্রশ্ন তলির উত্তর 50 টি শব্দের মধ্যে লেখ।

(a) তোমার মাসী চাকড়ি সূত্রে কোলকাতা বদলি হয়ে গেছেন। তিনি তার আসবাবপত্রগুলি নি (furniture)বিক্রি করে দেবেন বলে মনে করেছেন, তুমি তোমার স্থানীয় সংবাদপত্রে "কেনা-বেচা" বিভাগে এই বিষয়টি অবলম্বন করে একটি বিজ্ঞাপন দাও।

অথবা **4**

(b) মনে কর তুমি তোমার বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাবের সম্পাদক। তুমি তোমার বিদ্যালয়ে যে বিজ্ঞান প্রদর্শনীটা অনুষ্ঠিত হবে সেই প্রদর্শনীতে স্কুলের ছাত্রদের যোগদান করার জন্য একটি বিজ্ঞপ্তি দাও।

বিভাগ - গ (ব্যাকরণ ও অনুবাদ)

4. কর্ম কারক কাকে বলে ? উদাহরণ দাও। **2**

5. নীচে দাগ দেওয়া পদগুলির কারক নির্নয় কর

(a) <u>রাম</u> ভাত খায়? **1**

(b) <u>ফুটবল খেলায়</u> তার নাম আছে । **1**

(c) <u>সকালে</u> তুমি কোথায় গিয়েছিলে? **1**

6. সন্ধি কাকে বলে ? উদাহরণ দাও? **2**

7. সন্ধি বিচ্ছেদ করঃ- **1+1+1=3**

(a) নরেন্দ্র (b) সঙ্গীত (c) নিশ্চয়

8. নিম্নলিখিত বিশিষ্টার্থক পদতলির দ্বারা বাক্যরচনা কর। **2**

(a) সবেধন নীলমিন ।

(b) গোঁজামিল ।

9. বাংলায় অনুবাদ কর **3**

Honesty implies being truthful. Honesty means to develop a practice of speaking truth, throughout life. A person who practice honesty in his/her life, possess strong moral character. Honest people are sincere, trustworthy and loyal.

বিভাগ - ঘ (সাহিত্য)

Prose (গদ্যাংশ)

10. 'অনধিকার প্রবেশ' ছোট গল্পটির লেখক কে? **1**

11. "চাঁদের পাহাড়" পাঠটি কার লেখা ? এই পাঠটির প্রধান চরিত্রের নাম কী? **1+1=2**

12. ফিনল্যান্ডের যাবার স্টিমার কোথার থেকে ছাড়ে? স্টিমারে কোন ধরনের খাদ্য বেশী পরিমানে পাওয়া যায়? **1+1=2**

13. জয়কালীদেবীর সর্বপেক্ষা যত্নের ধন কী ছিল ? জয়কালীদেবীর বোনের সাথে বিচ্ছেদের সম্ভাবনা ঘটেছিল কেনো ? **1+2=3**

14. ইউরোপের সবচেয়ে বড় বইয়ের দোকানটি কোথায় ? সেখানে গিয়ে কার কী অভিজ্ঞতা হয়েছিল? **1+1+1=3**

15. আণ্ডিলিও গাণ্ডি কোথায় জাহাজ ডুবি হয়? কতজন তারা ডাংগায় উঠেছিল? সেখানে কোথায় তারা আশ্রয় নিয়েছিল এবং কিসের গল্প শুনেছিল? **1+1+1+1=4**

16. (a) ফিনল্যান্ডে প্রবন্ধটি কী ধরনের পাঠ ? ফিনল্যান্ডে কারা বাস করে? ফিনল্যান্ডে অপর নাম কী ? ফিনল্যান্ডে যাবার প্রথম বন্দরটির নাম কী? এসকিমো কাদের বলা হয়? **1+1+1+1+1=5**

অথবা

(b) "ঠাকুরমা, কাকাবাবু ক্ষুধায় কাঁদিতেছেন, তাঁহাকে কিছু দুধ আনিয়া দিব কি?"

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) উক্তিটি কার ? (1)

(iii) 'ঠাকুমা' বলতে কাকে বোঝানো হয়েছে ? (1)

(iv) 'কাকাবাবু' কে ? (1)

(v) কেন কাকাবাবু কাঁদছেন ? (1)

Poetry (কবিতা)

17. কবি মধুসূদন দত্তের প্রথম সার্থক বাংলা নাটকের নাম কী? **1**

18. 'বাল্যলীলা' কবিতাটি কোন রসের পদ এবং কোন গ্রন্থ থেকে এই কবিতাটি সংকলিত করা হয়েছে ? **1+1=2**

19. "দানব সংহার মানবেরি কাজ" - কোন কবিতার অংশ? কবির এই উক্তির কারণ কী ? **1+2=3**

20. "এ তিনের ছল সম ছল রে এ কু আশার" - কবিতাটি কার রচনা? 'এতিন' বলতে কোন তিনের কথা বলা হয়েছে? "এতিনের ছল সম" - কবি পংক্তিটির মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন? **1+1+2=4**

21.(a) দানব সংহার মানবেরি কাজ, দধীচির হাড় ইন্দ্রের হাতে -

(i) কোন কবিতার অংশ **1**

(ii) কবি কে ? **1**

(iii) দধীচি কে ছিলেন ? **1**

(iv) ইন্দ্রের পরিচয় দাও। **1**

(v) দধীচির হাড় দিয়ে ইন্দ্র কী করেছিলেন ? **1**

অথবা

(b) 'বাল্যলীলা' কবিতাটির সারমর্ম লিখ ? **(5)**

Fiction (কথাসাহিত্য)

22. শ্রীকান্ত কোথায় ফুটবল ম্যাচ দেখছিল ? সেখানেকী ঘটেছিলো? **1+1=2**

23. কাদের বাড়ীতে যাত্রা হয়েছিল? যাত্রার নাম কী ছিল ? শ্রীকান্ত কে কে দড়ি ধরতে বলেছিলেন? **1+1+1=3**

24. (a) "শ্রীকান্তরে আমার মাসিমাও এসেছেন যে । আমি আর বাড়ি কিরে যাব না" -

(i) কার উক্তি ? **1**

(ii) শ্রীকান্ত কে ? **1**

(iii) বক্তার এরুপ উক্ত করার কারণ কী ? **3**

অথবা

(b) ইন্দ্রনাথের চরিত্র চিত্রণ কর। (5)

****